দৈনিক
আমাদের সময়

তারিখ 05 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# বিশেষ ব্যবস্থাপনার দাবি দারুল ইহসান শিক্ষার্থীদের

নিজস্ব প্রতিবেদক ● বেসরকারি দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীরা বিড়ম্বনা থেকে বাঁচতে বিশেষ ব্যবস্থাপনার দাবি করেছে। গতকাল রোববার সুপ্রিম কোর্টের ল রিপোর্টার্স ফোরামের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই অ্যাসোসিয়েশন এ দাবি জানায়। মালিকানা সংকট ও সনদবাণিজ্যের অভিযোগে বিশ্ববিদ্যালয়টির কার্যক্রম (আউটার ক্যাম্পাসসহ) বন্ধ করে দিয়েছে সরকার। হাইকোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে গত ২৬ জুলাই শিক্ষা মন্ত্রণালয় এই আদেশ জারি করে। সংবাদ সম্মেলনে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সচিব আবদুল্লাহ আল রেজা দাবি করেন, এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির আগে মালিকানা সংকট ও সনদবাণিজ্যের বিষয়ে আমরা কিছুই জানতাম না। সময়, মেধা, শ্রম ব্যয় করে আমরা পাস করেছি। সরকার বিশ্ববিদ্যালয়টির কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত দিয়েছে। তাতে সব কার্যক্রম বন্ধ হয়ে গেছে। যারা সনদ তোলেনি, তারা এখন তুলতে পারছে না। যাদের সনদ হারিয়ে গেছে, তারাও অথৈ সাগরে। বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে সনদ সত্যায়নের জন্য পাঠালে সেটি কার্যকর করার কেউ নেই। আমরা কেন সরকারের সিদ্ধান্তে বিড়ম্বনায় পড়ব।